

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি-২ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭২.৩১.০০৪.১৩- ০৭

১৩ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ
তারিখঃ-----
২৬ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

এস আর ও নং ৩৬৯-আইন/২০১৫ এর মাধ্যমে ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ থেকে জাতীয় বেতন স্কেল, ২০১৫-কার্যকর হওয়ায় সরকারি/স্ব-শাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসহ প্রজাতন্ত্রের বিভিন্ন বেসামরিক পদে জনস্বার্থে যারা চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন বা হবেন তাঁদের বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ বিষয়ে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছেঃ

(১) ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখের পূর্বে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী যাদের চুক্তির মেয়াদ ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ বা তারপর পর্যন্ত অব্যাহত আছে সরকারের সাথে পুনরায় চুক্তি সম্পাদন সাপেক্ষে তাঁদের বেতন ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ হতে চুক্তিভিত্তিক নিয়োজিত পদের উক্ত তারিখে প্রচলিত বেতন স্কেলের ভিত্তিতে নির্ধারণ করতে হবে। তাঁরা ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ থেকে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১(৩)(ক) এবং ১(৩)(গ) অনুযায়ী বর্ধিত হারে বেতন এবং সরকারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হবেন। ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ বা তার পরে যারা চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন তাঁদের বেতন-ভাতা নির্ধারণের ক্ষেত্রেও এ বিধান প্রযোজ্য হবে।

(২) ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ বা তার পরে যারা চুক্তিভিত্তিক পদে নিয়োজিত হবেন তাঁদের ক্ষেত্রে অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন (Last Pay) চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে। বিশেষ ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত অথবা উভয় পক্ষের সম্মতিতে সরকারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী নির্ধারিত বেতনই চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে।

(৩) নির্ধারিত বেতন (চুক্তিভিত্তিক) হতে নির্ধারিত গ্রস পেনশন (কম্যুটেশন/সমর্পণ করার পূর্বের অংক) এবং বিশেষ অতিরিক্ত পেনশন, যদি থাকে, বাদ যাবে না।

(৪) চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকুরির জন্য কোন ইনক্রিমেন্ট, আনুতোষিক, বর্ধিত পেনশন প্রদেয় হবে না।

(৫) অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী ব্যতীত অন্যান্যদের চুক্তিভিত্তিক নিয়োগের বেতন-ভাতা ইত্যাদি সংক্রান্ত শর্তাবলী যথারীতি প্রতি ক্ষেত্রে গুণাগুণ বিবেচনা করে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মধ্যে সমন্বয়ের মাধ্যমে স্থির করা হবে এবং তদানুযায়ী চুক্তিপত্র সম্পাদিত হবে।

(৬) এ প্রজ্ঞাপনের পরিপন্থী পূর্ববর্তী সকল আদেশ/স্মারক নির্দেশাবলীর সংশ্লিষ্ট অংশ বাতিল বলে গণ্য হবে, তবে এ প্রজ্ঞাপনের সাথে সংগতিপূর্ণ পূর্বের জারীকৃত সকল স্মারক বলবত থাকবে।

(৭) বেতন-ভাতা সম্পর্কে আদেশে যা উল্লেখ করা হয়েছে তা সত্ত্বেও চুক্তি মোতাবেক দেয় বেতন, ভাতা ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক পরবর্তীকালে বিভিন্ন সময় জারীকৃত আদেশ প্রযোজ্য হবে।

(৮) এস আর ও নং ৩৬৯-আইন/২০১৫ মোতাবেক এ প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শাহজাহান
যুগ্মসচিব (প্রবিধি-১)
ফোনঃ ৯৫৪৫১৭৪


ই-মেইল: shahjahanmail@yahoo.com

নং-০৭.০০.০০০০.১৭২.৩১.০০৪.১৩- ০৭

১৩ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ
তারিখঃ-----
২৬ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বাংলাদেশ মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সিনিয়রসচিব/সচিব/ভারপ্রাপ্তসচিব-----~~সিনিয়রসচিব~~ (সকল) মন্ত্রণালয়/বিভাগ তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। বিভাগীয় কমিশনার----- (সকল)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। কট্টোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ ভবন, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৯। বিভাগীয়হিসাব নিয়ন্ত্রক----- (সকল বিভাগ)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা----- (সকল)।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ১২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ১৩। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। উক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁকে অনুরোধ করা হলো।
- ১৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ১৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ----- (সকল)।
- ১৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, তাঁকে প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো।
- ১৭। অফিস কপি।


(মোঃ গোলাম মোস্তফা)
উপ-সচিব
ফোনঃ ৯৫১৪৪৮৭